

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ ভূমি বিভাগ

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), ভূমি বিভাগ

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.২২৮.৯৯.০৩১.২৪ নথির বিষয়: এল এ কেস নং- ০৩/২০১৪-২০১৫ এর মাধ্যমে অধিগ্রহণকৃত খিলগাঁও থানাধীন গজারিয়া মৌজাখিত দাশেরকান্দি পয়ঃশোধনাগার প্রকল্পের জমি ঢাকা ওয়াসার নামে নামজারি প্রসংগে।

নোট: ১ নোটের বিষয়: দাশেরকান্দি পয়ঃশোধনাগার প্রকল্পের জমি ঢাকা ওয়াসার নামে নামজারির জন্য অস্থায়ী অগ্রীম প্রদান প্রসংগে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ৫/৬/২৪ ৩:০৫ অপরাহ্ন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে এল এ কেস নং-০৩/২০১৪-২০১৫ এর মাধ্যমে ঢাকা জেলার খিলগাঁও থানাধীন গজারিয়া মৌজায় ৬০.০০ একর জমি দাশেরকান্দি পয়ঃশোধনাগার প্রকল্পের জন্য ঢাকা ওয়াসার অনুকূলে অধিগ্রহণ করা হয়। উক্ত অধিগ্রহণকৃত জমি গত ০৪/০৮/২০১৬ ইং তারিখে জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা এর প্রতিনিধি ঢাকা ওয়াসার প্রতিনিধির নিকট দখল হস্তান্তর করেন। এছাড়া গত ১৩ ই এপ্রিল ২০১৭ তারিখে উক্ত জমির গেজেট প্রকাশিত হয় (সংযুক্তি-১)। আলোচ্য জায়গাতে বর্তমানে ঢাকা ওয়াসার দাশেরকান্দি পয়ঃশোধনাগার চালু রয়েছে।

সংযুক্তিসমূহ (১):

১। সংযুক্তি-১.pdf

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ৫/৬/২৪ ৩:০৭ অপরাহ্ন

এই বিষয়ে উল্লেখ্য যে এল এ কেস নং-০৩/২০১৪-২০১৫ এর মাধ্যমে অধিগ্রহণকৃত ৬০ একর জমির মধ্যে ইতোপূর্বে তিনটি আবেদনের মাধ্যমে ১৯ একর জমি ঢাকা ওয়াসার নামে নামজারি করা হয়েছে। চতুর্থ পর্যায়ে ৫.৮৩৬০ একর জমি ঢাকা ওয়াসার নামে নামজারির লক্ষ্যে গত ০৫/০২/২০২৪ ইং তারিখে সহকারী কমিশনার (ভূমি), তেজগাঁও সার্কেল বরাবর আবেদন দাখিল করা হয়। উক্ত আবেদনের প্রেক্ষিতে সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক ৫.৮৩৬০ একর জমি ঢাকা ওয়াসার নামে নামজারি মনজুর করেন এবং ঢাকা ওয়াসার নামে খতিয়ান সৃজন করা হয় (সংযুক্তি-২)।

সংযুক্তিসমূহ (১):

১। সংযুক্তি-২.pdf

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ৫/৬/২৪ ৩:১১ অপরাহ্ন

উল্লেখ্য যে, দাশেরকান্দি পয়ঃশোধনাগার প্রকল্পের ৫.৮৩৬০ একর জমি নামজারির জন্য সংশ্লিষ্ট মৌজার সিটি জরিপের কমবেশি ৫৫ টি খতিয়ান আবেদনের সাথে দাখিল করতে হয়েছে। প্রতিটি খতিয়ান উত্তোলনের জন্য খরচ হয় ৩০০/- টাকা। উক্ত আবেদনের অনুকূলে সরকারি ফি বাবদ অর্থ্যাৎ কোর্ট ফি ৭০/- এবং ডিসিআর ফি ১১০০/- টাকা খরচ হয়েছে (সংযুক্তি-৩)। নিম্নে খাতওয়ারী খরচের পরিমাণ উল্লেখ করা হলোঃ

- i. কোর্ট ফি বাবদ = ৭০/-
ii. ডিসিআর ফি বাবদ = ১১০০/-
iii. সিটি জরিপের খতিয়ান বাবদ $৫৫ \times ৩০০ = ১৬,৫০০/-$

মোট = ১৭,৬৭০/-

সংযুক্তিসমূহ (১):

১। সংযুক্তি-৩.pdf

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ৫/৬/২৪ ৩:১১ অপরাহ্ন

এমতাবস্থায় বর্ণিত জমির নামজারির বাবদ উপরে উল্লেখিত ১৭,৬৭০/- (সতের হাজার ছয়শত সত্তর) টাকা মাত্র ভূমি বিভাগের অনুকূলে বরাদ্দকৃত ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেটের ভূমি রক্ষনাবেক্ষণ খাত হতে উপ-সচিব, ভূমি বিভাগ, ঢাকা ওয়াসার অনুকূলে অস্থায়ী অগ্রীম সদয় অনুমোদন দেয়া যায়। সদয় পেশ করা হলো।

৫/৬/২৪ ৩:২০ অপরাহ্ন
শরীফ হোসেন
সার্ভেয়ার
ভূমি বিভাগ

৫/৬/২৪ ৩:৪৫ অপরাহ্ন
মোঃ খবির হোসেন
কানুনগো
ভূমি বিভাগ

৬/৬/২৪ ১১:৩০ পূর্বাহ্ন
শামীম নাজিবা
উপ-সচিব
ভূমি বিভাগ

৬/৬/২৪ ১১:৩০ পূর্বাহ্ন
মোঃ আক্তারুজ্জামান
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন) (অতিরিক্ত
দায়িত্ব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন) এর দপ্তর

অনুচ্ছেদ ১.৪ - তারিখ: ৬/৬/২৪ ৩:৫৯ অপরাহ্ন

okay

৬/৬/২৪ ৪:০০ অপরাহ্ন
মোঃ আক্তারুজ্জামান
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন) (অতিরিক্ত
দায়িত্ব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন) এর দপ্তর

৬/৬/২৪ ৮:৩৬ অপরাহ্ন
শামীম নাজিবা
উপ-সচিব
ভূমি বিভাগ

৬/৬/২৪ ৮:৩৬ অপরাহ্ন
শরীফ হোসেন
সার্ভেয়ার
ভূমি বিভাগ